

১) একটি জমিতে মাসকলাই বপনের পর ঐ ফসল কাটার পর কি মসুর বপন করা যাবে?

১) আপনার প্রশ্নের পরিপ্রেক্ষিতে বলা যায়, এসময়ে মাসকলাই ডাল সাধারণতঃ আগষ্ট মাসের দ্বিতীয় সপ্তাহ থেকে সেপ্টেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত বোনা যায়। এ মাসকলাইয়ের জীবনকাল সাধারণত ৭০-৭৫ দিন। মসুর ডাল অক্টোবর মাসের শেষ সপ্তাহ থেকে নভেম্বর মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত বপন করা হয়। আগষ্ট-সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহের মধ্যে মাসকলাই বপন শেষ করে যদি অক্টোবর মাসের শেষ সপ্তাহে বা নভেম্বরের প্রথম সপ্তাহে ফসল সংগ্রহ করে মসুর বপন করা যেতে পারে।

২) বর্তমান সময়ে (সেপ্টেম্বর-অক্টোবর) ডাল জাতীয় কোন ফসলটি চাষ করা ভালো। কয়েকটি জাতের নাম জানতে চাচ্ছি?

২) বর্তমান সময়ে (সেপ্টেম্বর-অক্টোবর) মাসকলাই চাষ করা যায়। এছাড়াও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে যেমন পাবনা, নাটোর, মেহেরপুর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, যশোর, ফরিদপুরের কিছু কিছু এলাকায় অর্থাৎ সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে মুগ ডাল চাষ করতে পারেন, বিএআরআই কর্তৃক উদ্ভাবিত বারিমুগ-৬ এ সময়ের জন্য উপযুক্ত। এছাড়াও আপনি অক্টোবর মাসের শেষ সপ্তাহ থেকে নভেম্বর মাসের প্রথম সপ্তাহের মধ্যে সকল রবি মৌসুমের ডাল যেমন- মসুর, ছোলা, মটর, খেসারী চাষ করা যায়। বাংলাদেশ কৃষি গবেষণা কর্তৃক উদ্ভাবিত বহুল প্রচলিত জাতগুলো হলো :-

### রবি মৌসুম

মসুর : ১) বারিমুসর-৩, ২) বারিমুসর-৬, ৩) বারিমুসর-৭।

ছোলা : ১) বারিছোলা-৫, বারিছোলা-৯।

মটর : ১) বারিমটর-১, ২) বারিমটর-৩।

খেসারী : ১) বারিখেসারী-২, ২) বারিখেসারী-৩।

### খরিপ-১

মুগ : ১) বারিমুগ-৬, ২) বারিমুগ-৭।

### খরিপ-২

মুগ : ১) বারিমুগ-৬, ২) বারিমুগ-৭

মাসকলাই : ১) বারিমাসকলাই-২, ২) বারিমাসকলাই-৩।